# AKASHVANI (AIR)

## RNU : KOLKATA

## Bengali Text Bulletin

**Date: 07.04.24** **Time: 7.35 P.M.**

---

বিশেষ বিশেষ খবরঃ-

১) প্রথম দফার লোকসভা নির্বাচনে রাজ্যের তিনটি আসনে সবকটি বুথেই কেন্দ্রীয় বাহিনীর নজরদারিতে ভোটগ্রহণের সিদ্ধান্ত নির্বাচন কমিশনের।

২) শীর্ষ বিজেপি নেতা প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ ধুপগুড়িতে নির্বাচনী জনসভা করবেন।

পুরুলিয়ায় সভা, তৃণমূল কংগ্রেস নেত্রী মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর।

৩) পূর্ব মেদিনীপুরের ভূপতিনগরে বিস্ফোরণ কান্ডে ধৃত দুই তৃণমূল নেতার এনআইএ হেফাজত হয়েছে।

৪) মামলার তদন্তে গিয়ে এনআইএ আধিকারিকদের আক্রান্ত হওয়ার ঘটনায় রিপোর্ট তলব নির্বাচন কমিশনের।

বিষয়টি নিয়ে কমিশনের দ্বারস্থ হচ্ছে বিজেপি-তৃণমূল দুই পক্ষই।

৫) ঘূর্ণাবর্তের প্রভাবে রাজ্য জুড়ে আগামী বুধবার পর্যন্ত বৃষ্টির পূর্বাভাস।

৬) আইলীগ ফুটবলে চ্যাম্পিয়ান মহমেডান স্পোর্টিং।

--------------------------------------------------------------------------------

প্রথম দফার লোকসভা নির্বাচনে আগামী ১৯ শে এপ্রিল উত্তরবঙ্গের তিনটি আসনে সবকটি বুথে ভোটগ্রহন কেন্দ্রীয় বাহিনীর নজরদারিতে হবে। গতকাল বিশেষ সাধারণ এবং পুলিশ পর্যবেক্ষকদের সঙ্গে মুখ্য নির্বাচনী আধিকারিকের বৈঠকে এই সিদ্ধান্ত হয়েছে। কমিশনের হিসেবে প্রতিটি বুথে কেন্দ্রীয় বাহিনী দিতে আসন পিছু প্রয়োজন ১১২ কোম্পানির। সেই হিসেবে তিনটি কেন্দ্রের জন্য প্রয়োজন ৩৩৬ কোম্পানি। এই মুহূর্তে রাজ্যের হাতে রয়েছে ১৭৭ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী। আগামী সপ্তাহে রাজ্যে আসছে ১০০ কোম্পানি বাহিনী । আরো ৭০ কোম্পানি বাহিনী পাওয়ার ব্যপারে কমিশন নিশ্চিত আশ্বাস পেয়েছে কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রকের তরফে। এর মধ্যে অন্য রাজ্যের পুলিশও রয়েছে। আগামী ১০ই এপ্রিল কমিশনের পরবর্তী বৈঠকে কোথায় কত বাহিনী মোতায়েন করা হবে তার চূড়ান্ত রূপরেখা স্থির করা হবে বলে জানা গেছে।

---------------------------

লোকসভা ভোট এগিয়ে আসার সঙ্গে সঙ্গে জমে উঠেছে নির্বাচনী প্রচার।

প্রবীণ বিজেপি নেতা প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ জলপাইগুড়ির ধূপগুড়িতে জনসভা করবেন। মাগুমারি দু নম্বর গ্রাম পঞ্চায়েতে ময়নাতলি লাল স্কুল এলাকায় এজন্য শুরু হয়েছে সভা স্থল নির্মাণের কাজ।

অন্যদিকে, তৃণমূল কংগ্রেস প্রধান, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আজ দুপুর ১২টা নাগাদ পুরুলিয়ায় নির্বাচনী জনসভা করবেন। আগামীকাল বাঁকুড়ায় নির্বাচনী জনসভায় তাঁর যোগ দেওয়ার কথা।

দলের সাধারণ সম্পাদক অভিষেক ব্যানার্জী আজ পশ্চিম মেদিনীপুরের ঘাটালে দলীয় প্রার্থী দেবের সমর্থনে রোড শো করবেন।

----------------------------

প্রচার থেকে ফেরার পথে দমদমের বিদায়ী সাংসদ ততা প্রার্থী সৌগত রায়ের গাড়ি গতকাল দুর্ঘটনার কবলে পড়ে । গত সন্ধ্যায় সোদপুরের এইচবি টাউনের সামনে তাঁর গাড়িতে একটি ম্যাটাডর পিছন থেকে ধাক্কা মারে বলে অভিযোগ। সে সময় গাড়িতেই ছিলেন সৌগত বাবু। অল্পের জন্য রক্ষা পান তিনি। ম্যাটাডরটিকে আটক করেছে খড়দহ থানার পুলিশ। গ্রেফতার হয়েছে চালক। এটি নিছক দুর্ঘটনা কি না তা খতিয়ে দেখছে পুলিশ।

এদিকে, হুগলির বাঁশবেড়িয়ায় বিজেপি প্রার্থী লকেট চট্টোপাধ্যায়ের গাড়িতে হামলা চালানোর অভিযোগ উঠেছে শাসকদলের কর্মী সমর্থকদের বিরুদ্ধে। তাঁর গাড়িতে বাঁশ-লাঠি নিয়ে হামলা চালানো হয়েছে বলে অভিযোগ। যদিও হামলার অভিযোগ অস্বীকার করেছে তৃণমূল কংগ্রেস।

গতকাল বীরভূমে প্রচারে গিয়ে বিক্ষোভের মুখে পড়তে হয় তৃণমূল কংগ্রেস এর বিদায়ী সাংসদ তথা এবারের তৃণমূল প্রার্থী শতাব্দী রায় কে। মহম্মদবাজারের পুরাতন গ্রাম, লাউজোড়া সহ একাধিক এলকায় প্রচারে গেলে স্থানীয়রা জল, রাস্তাঘাটের সমস্যার কথাও তুলে ধরেন চলে উত্তপ্ত বাক্য বিনিময়।

----------------------------

পূর্ব মেদিনীপুরের ভূপতিনগরে বিস্ফোরণের ঘটনায় গ্রেপ্তার দুই তৃণমূল নেতা বলাই চরণ মাইতি এবং মনোব্রত জানার আগামী ১০ই এপ্রিল পর্যন্ত এনআইএ হেফাজত হয়েছে। ধৃত দুজনকে গতকাল হাসপাতালে স্বাস্থ্য পরীক্ষার পর ব্যাঙ্কশাল আদালতে তোলা হয়। গতকাল ভূপতিনগরে অন্ততঃ পাচটি স্থানে NIA তল্লাশি চালায়।

ধৃত তৃণমূল অঞ্চল সভাপতি বলাই চরণ মাইতির কাছ থেকে নগদ ২ লক্ষ ৩৬ হাজার টাকা উদ্ধার হয়েছে। তল্লাশিতে চারটি মোবাইল ফোন বাজেয়াপ্ত হয়েছে বলেও দাবি এনআইএ-র।

উল্লেখ্য, বলাই চরন মাইতি এবং শাসক দলের স্থানীয় নেতা মনোব্রত জানা সহ আটজনকে NIA এর আগে দু'বার তলব করলেও তারা হাজিরা দেননি।

এদিকে, আদালতের নির্দেশে গতকাল ভোর রাতে ভূপতিনগরের এনআইএ বাহিনী পৌঁছলে সেখানে স্থানীয়রা তাদের ওপর চড়াও হয়। তাঁদের লক্ষ্য করে ছোঁড়া পাথরের আঘাতে দুই কেন্দ্রীয় আধিকারিক আহত হয়েছেন। ভূপতীনগর থানায় NIA পৃথক অভিযোগ দায়ের করেছে বলে সূত্রের খবর।

উল্লেখ্য, ২০২২ সালের ডিসেম্বরে পূর্ব মেদিনীপুরের ভূপতিনগরে তৃণমূল কংগ্রেস নেতা রাজকুমার মান্নার বাড়িতে বিষ্ফোরণ হয়। বিস্ফোরণে রাজকুমার ছাড়াও বিশ্বজিত্ গায়েন ও বুদ্ধদেব মান্না নামে দুজনের মৃত্যু হয়। পরে মামলার তদন্ত ভার রাজ্য পুলিশের কাছ থেকে NIA-এর হাতে যায়।

এদিকে, এই ঘটনার প্রতিবাদে স্থানীয় তৃণমূল কংগ্রেস কর্মী সমর্থকরা গতকাল ভূপতিনগরে বিক্ষোভে সামিল হন। রাস্তায় টায়ার জ্বেলে পথ অবরোধ করেন তারা।

---------------------------

কেন্দ্রীয় তদন্তকারী সংস্থাগুলিকে কাজে লাগিয়ে নির্বাচনের আগে তৃণমূল কংগ্রেসকে দুর্বল করে দেওয়ার চেষ্টা চলছে বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী অভিযোগ করেছেন। গতকাল বালুরঘাট লোকসভা কেন্দ্রের তপন এবং রায়গঞ্জ লোকসভা আসনের

হেমতাবাদে দলীয় প্রার্থীদের সমর্থনে জনসভায় যোগ দিয়ে মুখ্যমন্ত্রী বলেন, ভোটের আগে দলের বুথ এজেন্টদের গ্রেপ্তার করা হচ্ছে।

বাইট

---------------------------

ভূপতিনগরে এনআইএ-র ওপর হামলার ঘটনা নিয়ে রাজনৈতিক তর্জা শুরু হয়েছে।

তৃণমূল কংগ্রেস এবং মুখ্যমন্ত্রীর প্ররোচনায় ভূপতিনগরে এনআইএ-র ওপর আক্রমণ হয়েছে বলে বিজেপি দাবি করেছে। দলের রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার গতকাল এক ভিডিও বার্তায় জানিয়েছেন, ভূপতিনগরে এনআইএ-র ওপর এবং সন্দেশখালিতে ইডির উপরে একই পদ্ধতিতে আক্রমণ হয়েছে। এই আক্রমণ শুধুমাত্র এনআইএ-র ওপর আক্রমণ নয়, দেশের সার্বভৌমত্বের ওপর আক্রমণ।

বাইট

বাংলায় ইডি-NIA এর উপর রাজ্য সরকারের মদতে হামলা বাড়ছে বলে প্রদেশ কংগ্রেস সভাপতি সাংসদ অধীর রঞ্জন চৌধুরী অভিযোগ করেছেন। অধীর বাবু বলেন, তদন্তকারী দলের কাজকর্মে কারো আপত্তি থাকলে, তিনি আদালতে জেতে পারেন।

নির্বাচনে বিজেপি-তৃণমূলকে সুবিধা করে দিতেই কেন্দ্রীয় এজেন্সিগুলি কাজ করছে বলে সিপিআইএম এর রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম মন্তব্য করেছেন।

---------------------------

সন্দেশখালির মতোই ভূপতিনগরে কেন্দ্রীয় তদন্তকারী সংস্থার আধিকারিকরা আক্রান্ত হওয়ার সময় পুলিশ নিষ্ক্রিয় ছিল বলে নির্বাচন কমিশনে অভিযোগ জানিয়েছে বিজেপি। অবিলম্বে ভূপতীনগর থানার ওসি, কাথির SDPO, জেলার পুলিশ সুপার, এডিজি আইনশৃঙ্খলা এবং পুলিশের মহানির্দেশককে পদ থেকে অপসারনের দাবী জানানো হয়েছে। বিজেপি নির্বাচনী কমিটির সদস্য শিশির বাজরিয়া ও মুখপাত্র শতরূপা সিনহা গতকাল কলকাতায় নির্বাচন কমিশনের সদর দপ্তরে গিয়ে লিখিত অভিযোগ জমা দেন। অভিযোগ পত্র বিশেষ সাধারন পর্যবেক্ষক এবং দিল্লিতে কমিশনের কাছেও পাঠানো হচ্ছে বলে শিশির বাজোরিয়া জানান।

এদিকে, ভূপতিনগরের ঘটনায় রিপোর্ট চেয়েছে নির্বাচন কমিশন। পূর্ব মেদিনীপুরের জেলা নির্বাচন দফতর থেকে রিপোর্ট চাওয়ার পাশাপাশি জেলার পুলিশ সুপারের রিপোর্টও তলব করেছে কমিশন।

---------------------------

ভূপতিনগরে জাতীয় তদন্তকারী সংস্থা (এনআইএ)-র ভূমিকা নিয়ে ‘অতিসক্রিয়তা’র অভিযোগ তুলে নির্বাচন কমিশনে যাওয়ার সিদ্ধান্ত নিয়েছে তৃণমূল কংগ্রেস শীর্ষ নেতৃত্ব। পাশাপাশি, তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায় ভূপতিনগরে দলের এক প্রতিনিধিদল পাঠানোর সিদ্ধান্ত নিয়েছেন। রাজ্যের অর্থ প্রতিমন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য এবং কুণাল ঘোষ আজ ভূপতিনগর যাবেন।

---------------------------

বামফ্রন্ট এবারের লোকসভা নির্বাচনে ষষ্ঠ দফায় একটি আসনে প্রার্থীর নাম ঘোষণা করেছে। মথুরাপুর লোকসভা কেন্দ্রে প্রার্থী হয়েছেন সিপিআইএম-এর ডক্টর

শরত্ চন্দ্র হালদার। এই নিয়ে রাজ্যে এপর্যন্ত ২৯ টি আসনে প্রার্থীদের নাম প্রকাশ করল বামফ্রন্ট।

----------------------------

পুরুলিয়া আসনে সরাসরি কংগ্রেস প্রার্থী নেপাল মাহাতোকে সমর্থন জানানোর কথা ঘোষণা করেছে জেলা সিপিআইএম। গতকাল পুরুলিয়ার কংগ্রেস দপ্তরে এসে একথা বলেন দলের জেলা সম্পাদক প্রদীপ রায়। পুরুলিয়া আসনে কংগ্রেসের প্রার্থী তথা জেলা কংগ্রেস সভাপতি নেপাল মাহাতোর পাশে বসে তিনি বলেন, মানুষ আসন্ন নির্বাচনে গণতন্ত্র ও ধর্মনিরপেক্ষতার পক্ষে ভোট দেবেন। উল্লেখ্য, ফরওয়ার্ড ব্লকের তরফে সম্প্রতি পুরুলিয়া আসনে ধীরেন মাহাতোর নাম প্রার্থী হিসাবে ঘোষণা করা হয়। ফরওয়ার্ড ব্লকের রাজ্য কমিটির সদস্য ধীরেন বাবুর দাবী, বহু আগেই পুরুলিয়া কুচবিহার ও বারাসাত আসনে প্রার্থী দেবার ঘোষণা করেছেন তারা। এখন আর পিছিয়ে আসার প্রশ্ন নেই।

----------------------------

উত্তর বাংলাদেশ এবং সংলগ্ন এলাকার ওপর সৃষ্ট ঘূর্ণাবর্ত এবং বঙ্গোপসাগর থেকে প্রচুর পরিমাণে জলীয় বাষ্প বাতাসে প্রবেশ করায় রাজ্যের বিভিন্ন জেলায় আগামী বুধবার পর্যন্ত ঝড়বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আবহাওয়া দপ্তর। আজ দক্ষিণবঙ্গের পুরুলিয়া, বাঁকুড়া, দুই বর্ধমান, দুই মেদিনীপুর এবং বীরভূমে ঘন্টায় ৫০ থেকে ৬০ কিলোমিটার বেগে ঝোড়ো হাওয়া বয়ে যেতে পারে। দক্ষিণবঙ্গের বাকি জেলাগুলিতেও ঘন্টায় ৩০ থেকে ৪০ কিলোমিটার বেগে ঝড় ও বৃষ্টির সতর্কতা জারি করা হয়েছে।

উত্তরবঙ্গের পরিস্থিতিও একইরকম থাকবে বলে জানিয়েছে আবহাওয়া দপ্তর।

-----------------------------

শিলং লাজংকে ২-১ গোলে হারিয়ে মহামেডান স্পোর্টিং আইলিগ ফুটবলে চ্যাম্পিয়ন হয়েছে। এক ম্যাচ বাকি থাকতেই লিগ জয়ের পাশাপাশি আগামী মরসুমে কলকাতার তৃতীয় দল হিসাবে আইএসএল-এ খেলার যোগ্যতা অর্জন করলো তারা । শিলং এর SSA এক নম্বর গ্রাউন্ডে গতকালের ম্যাচে মহামেডান স্পোর্টিং এর হয়ে গোল করেন এলেক্সিস গোমেজ ও এভজেনি কজলভ। শিলং লাজং এর হয়ে একমাত্র গোল করেন ডগলাস টারডিন।

এদিকে দলের জয়ের খবর আসতেই শতাব্দী প্রাচীন ক্লাবে উৎসবের আমেজ। ময়দানে ক্লাব তাবুতে আবেগ উচ্ছ্বাসে ভেসে গেলেন তাঁরা। দলের ফুটবল সচিব ও ম্যানেজার দীপেন্দু বিশ্বাস জানালেন-

বাইট

প্রাক্তন ফুটবলার মানস ভট্টাচার্য্য মহমেডানের জয়কে কলকাতার ফুটবলের জয় বলে উল্লেখ করেছেন-

বাইট

-----------------------------

যুব ভারতী ক্রীড়াঙ্গনে আজ আইএসএল ফুটবলে ইস্টবেঙ্গল, বেঙ্গালুরু এফসি-র বিরুদ্ধে খেলবে। খেলা শুরু সন্ধ্যা সাড়ে সাতটায়। ইস্টবেঙ্গল ২০ ম্যাচে ২১ পয়েন্ট নিয়ে লীগ তালিকার নবম স্থানে আছে।

গতকাল দিল্লীর জওহরলাল নেহরু স্টেডিয়ামে মোহনবাগান সুপার জায়ান্ট ১-০ গোলে পাঞ্জাব এফসি-কে হারিয়ে দিয়েছে।

--------------------------- ---------------------------